



রিমাডে নির্যাতনের অভিযোগ গাজী সালাহউদ্দিনের



গাজী সালাহউদ্দিন। ছবি: সংগৃহীত

রিমাডে থাকাকালে অমানবিক নির্যাতনের শিকার হওয়ার অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে অব্যাহতি পাওয়া গাজী সালাহউদ্দিন তানভীর। শুক্রবার (২৫ সেপ্টেম্বর) সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব অভিযোগ করেন।

গাজী সালাহউদ্দিন বলেন, রিমাডে নির্যাতনের বিষয়টি বাইরে প্রকাশ করলে তার পরিবারের সদস্যদের গুম করার হুমকি দেওয়া হয়েছিল। তাকে ‘জুলাই জঙ্গি’ বলে গালিগালাজের পাশাপাশি শেখ হাসিনাকে কেন তাড়ানো হয়েছে—এমন প্রশ্ন তুলে নির্যাতন করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, দেশে নতুন করে দ্বিতীয়বার ফ্যাসিবাদের জন্ম নিতে দেওয়া হবে না।

এ সময় এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার ঘটনার প্রকৃত কারণ উদ্ঘাটনে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবি জানান।

প্রসঙ্গত, প্রধানমন্ত্রীকে নিয়ে ফেসবুকে মানহানিকর পোস্ট দেওয়ার অভিযোগে সাইবার সুরক্ষা আইনের মামলায় গত ৫ আগস্ট ভোরে ঢাকার মিরপুরের মনিপুরীপাড়ার একটি ভাড়া বাসা থেকে গাজী সালাহউদ্দিন তানভীরকে গ্রেপ্তার করে বগুড়ার ডিবি পুলিশ। মামলার তদন্ত কর্মকর্তা সাত দিনের রিমাড আবেদন করলে আদালত তিন দিনের রিমাড মঞ্জুর করেন।

রিমাড শেষে অসুস্থ হয়ে পড়লে তাকে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ (শজিমেক) হাসপাতালে ভর্তি করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য তানভীরকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করা হয়। এরপর ঢাকা কেন্দ্রীয় কারাগারের তত্ত্বাবধানে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে তার চিকিৎসা চলে। গত ১৫ সেপ্টেম্বর সন্ধ্যায় ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্তি পান তিনি।